

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৩১৫


তারিখ : ২৩/০৩/২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

১৪/০২/১৬ খ্রিঃ তারিখে রাজকীয় সৌদি সরকারের হজ মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক হজ চুক্তির ৩য় অনুচ্ছেদের ক্রমিক- ১৩ অনুযায়ী “১৪৩৭ হিজরী হজ মৌসুমে বাংলাদেশী একটি হজ এজেন্সীর সর্বনিম্ন হজযাত্রীর সংখ্যা হবে ১৫০ (একশত পঞ্চাশ) জন। এ ছাড়াও বাংলাদেশ থেকে হজযাত্রী প্রেরণে কর্মরত যে সকল হজ এজেন্সীর হজযাত্রীর সংখ্যা কম তাদের সাথে সমন্বয়পূর্বক একত্রিত করে হজ এজেন্সীর সংখ্যা কমিয়ে একটি যুক্তিসংগত কোটায় আনা যেতে পারে”।

জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৬খ্রিঃ/১৪৩৭ হিজরী এর ৩.১.১১ মোতাবেক “কোন এজেন্সী কোটার কম হজযাত্রী পেলে বা লাইসেন্স চালাতে অপারগ হলে বা লাইসেন্স বাতিল হলে, সরকার কর্তৃক অনুমোদন সাপেক্ষে ঐ হজযাত্রীদের জন্য লাইসেন্সে নির্ধারিত সময়ের মধ্যে স্থানান্তর করতে হবে”।

এমতাবস্থায়, যদি কোন হজ এজেন্সি ১৫০ জনের নীচে প্রাক-নিবন্ধন করে তাহলে ঐ এজেন্সীর হজযাত্রীর হজে গমন অনিশ্চিত হবে বিধায়, উক্ত সম্পাদিত চুক্তি ও নীতিমালার আলোকে নিজেদের মধ্যে সমন্বয়পূর্বক Lead এজেন্সী নির্ধারণ করে কেবলমাত্র Lead Agency এর User ID তে প্রাক-নিবন্ধন করবেন।


(মোঃ শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)
ফোন : ০১৫৫২৪৫০৯৫৩।

morahajsection@gmail.com

.....
.....
.....
.....
.....